রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুলাই ১৪, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
শাখা-২

প্রজ্ঞাপন

তারিখ, ২৫ আষাঢ়, ১৪২০ বঙ্গাব্দ/০৯ জুলাই ২০১৩ খ্রিস্টাব্দ

**এস, আর, ও, নং ২৪৩-আইন/২০১৩।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারি কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। **বিধিমালার নাম।**—এই বিধিমালা সরকারি আবাসন পরিদপ্তরের (গেজেটেড ও নন-গেজেটেড) কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৩ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারি কর্ম কমিশন;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা তদ্‌কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা;

(ঘ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ তফসিলের কোন পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতা;

(চ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;

(ছ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" অর্থ আপাততঃ বলবৎ কোন আইন দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড এবং এই বিধির উদ্দেশ্যপূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ডও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে, কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ প্রদান করা যাইবে, যথা ঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে;

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়স সীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন বা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব-কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন;

(খ) সরকারি চাকুরী বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে ঃ

তবে, শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ৩য় বা ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশ ব্যতিরেকে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে না।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিস।**—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবে ঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসি মেয়াদ এইরূপ সম্প্রসারণ করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে বা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসির চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন;

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাঁহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসি মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে উহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসি মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাঁহাকে চাকুরীতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারি আদেশবলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাস করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **রহিতকরণ ও হেফাজত।**—(১) এই বিধিমালা কার্যকর হইবার সঙ্গে সঙ্গে Gazetted Officers (Directorate of Government Accomodation) Recruitment Rules, 1984 এবং Non-Gazetted Employess (Directorate of Government Accomodation) Recruitment Rules, 1984, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, রহিত হইবে।

(২) উপ-বিধি ১ এর অধীন উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, উক্ত Rules দুইটির অধীন—

(ক) নিয়োগপ্রাপ্ত সকল কর্মকর্তা ও কর্মচারী এই বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবে;

(খ) কৃত কার্য বা গৃহীত ব্যবস্থা এই বিধিমালার অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৩) এই বিধিমালা জারীর তারিখে উক্ত Rules দুইটির অধীন গৃহীত কোন কার্যধারা নিষ্পন্নাধীন থাকিলে উহা উক্ত Rules দুইটির অধীনে এমনভাবে নিষ্পন্ন করিতে হইবে যেন এই বিধিমালা কার্যকর হয় নাই।

## তফসিল

[ বিধি ২(খ) দ্রষ্টব্য ]

## তফসিল-১

[ বিধি ২(খ), (ঙ) ও বিধি ৩ দ্রষ্টব্য ]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | পরিচালক | - | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | অতিরিক্ত পরিচালক পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকুরি। |
| (২) | অতিরিক্ত পরিচালক | - | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | উপ-পরিচালক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি। |
| (৩) | উপ-পরিচালক | | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | সহকারী পরিচালক পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৪) | সহকারী পরিচালক | ৩০ বৎসর | (ক) ৩৩% প্রধান সহকারী, সাঁট-লিপিকার-কাম কম্পিউটার অপারেটর, হিসাব রক্ষক ও উচ্চমান সহকারী পদধারীদের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে; (খ) ৬৭% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** প্রধান সহকারী বা সাঁট-লিপিকার-কাম কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি, অথবা হিসাব রক্ষক বা উচ্চমান সহকারী পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরিসহ মোট চাকুরিকাল ১৮ (আঠার) বৎসর। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ বৎসর মেয়াদী ২য় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী। |
| (৫) | প্রধান সহকারী | - | উচ্চমান সহকারী, নাজির, স্টোরকিপার, উচ্চমান সহকারী-কাম-ক্যাশিয়ার ও সাঁট-মুদ্রাক্ষরিক-কাম কম্পিউটার অপারেটর পদধারীদের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে। | উচ্চমান সহকারী, নাজির, স্টোরকিপার, উচ্চমান সহকারী-কাম-ক্যাশিয়ার অথবা সাঁট-মুদ্রাক্ষরিক-কাম কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি। |
| ৬। | উচ্চমান সহকারী | ৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে; (খ) সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরি। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| ৭। | সাঁট-লিপিকার কাম-কম্পিউটার অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী; (খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত; এবং (গ) তফসিল ২ ও ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮। | পরিদর্শক | - | উপ পরিদর্শক ও দোকান পরিদর্শক পদধারীদের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে। | উপ পরিদর্শক অথবা দোকান পরিদর্শক পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৯। | কেয়ারটেকার | - | উপ পরিদর্শক ও দোকান পরিদর্শক পদধারীদের মধ্যে হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে | উপ পরিদর্শক অথবা দোকান পরিদর্শক পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরি। |
| ১০। | হিসাবরক্ষক | - | পদোন্নতির মাধ্যমে | সহকারী হিসাব রক্ষক পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরি। |
| ১১। | স্টোরকিপার | - | পদোন্নতির মাধ্যমে | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরি। |
| ১২। | নাজির | - | পদোন্নতির মাধ্যমে | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরি। |
| ১৩। | উচ্চমান সহকারী- কাম-ক্যাশিয়ার | - | পদোন্নতির মাধ্যমে | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরি। |
| ১৪। | উপ-পরিদর্শক | - | সহকারী উপ-পরিদর্শক, সুপারভাইজার ও স্যানেটারী পরিদর্শক পদধারীদের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে | সহকারী উপ- পরিদর্শক, সুপারভাইজার বা স্যানেটারী পরিদর্শক পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী। |
| ১৫। | দোকান পরিদর্শক | - | সহকারী উপ-পরিদর্শক ও সহকারী কেয়ারটেকার পদধারীদের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে। | সহকারী উপ-পরিদর্শক অথবা সহকারী কেয়ারটেকার পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী। |
| ১৬। | সাঁট-মুদ্রাক্ষরিক-কাম কম্পিউটার অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী; (খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; এবং (গ) তফসিল ২ ও ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৭। | ড্রাফটসম্যান | - | প্রেষণে বদলির মাধ্যমে | গণপূর্ত অধিদপ্তর হইতে সমপদমর্যাদার কর্মচারীদের মধ্য হইতে প্রেষণে বদলির মাধ্যমে। |
| ১৮। | ওভারশিয়ার | - | প্রেষণে বদলির মাধ্যমে | গণপূর্ত অধিদপ্তর হইতে সমপদমর্যাদার কর্মচারীদের মধ্য হইতে প্রেষণে বদলির মাধ্যমে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৯। | অফিস সহকারী- কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৩০ বৎসর | (ক) ২৫% এমএলএসএস, ডেসপাস রাইডার ও দপ্তরী পদধারীদের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওনা না গেলে এই কোটা সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণ করা যাইবে; এবং<br>(খ) ৭৫% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>এমএলএসএস, ডেসপাস রাইডার বা দপ্তরী পদে অন্যূন ৫(পাঁচ) বৎসর চাকুরিসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে Word Processing /Data Entry ও Typing, ইত্যাদির গতি হইবে নিম্নরূপ, যথা ঃ—<br>(ক) বাংলাঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ১৫(পনের) শব্দ; ও<br>(খ) ইংরেজিঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০(বিশ) শব্দ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; এবং<br>(গ) তফসিল ২ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২০। | সহকারী হিসাব রক্ষক | ৩০ বৎসর | (ক) ৩৩% ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, কামরা বাহক ও হেডগার্ড পদধারীদের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে এই কোটা সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণ করা যাইবে; এবং<br>(খ) ৬৭% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্যে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং ডুপ্লিকেটিং মেশিন অপারেটর পদে অন্যূন ৮(আট) বৎসরের চাকুরি অথবা হেডগার্ড পদে অন্যূন ৯(নয়) বৎসরের চাকুরি অথবা কামরা বাহক পদে অন্যূন ১০(দশ) বৎসর চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কান স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্যে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |
| ২১। | স্যানেটারী পরিদর্শক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২২। | সহকারী উপ-পরিদর্শক | ৩০ বৎসর | (ক) ৩৩% গার্ড, বাবুর্চী, মালি, মশালচী ও সুইপার পদধারীদের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে এই কোটা সরাসরি নিয়োগের মধ্যমে পূরণ করা যাইবে; এবং<br>(খ) ৬৭% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ গার্ড, বাবুর্চী, মালি, মশালচী অথবা সুইপার পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |
| ২৩। | সহকারী কেয়ারটেকার | ৩০ বৎসর | (ক) ৩৩% গার্ড, বাবুর্চী, মালি, মশালচী ও সুইপার পদধারীদের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে এই কোটা সরাসরি নিয়োগের মধ্যমে পূরণ করা যাইবে; এবং<br>(খ) ৬৭% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ গার্ড, বাবুর্চী, মালি, মশালচী অথবা সুইপার পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |
| ২৪। | সুপারভাইজার | ৩০ বৎসর | (ক) ৩৩% পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে এই কোটা সরাসরি নিয়োগের মধ্যমে পূরণ করা যাইবে; এবং<br>(খ) ৬৭% সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>হেডগার্ড পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরিসহ উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৫। | গাড়ীচালক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ৮ম শ্রেণী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং বৈধ লাইসেন্সসহ হালকা ও ভারী যানবাহন চালনায় অভিজ্ঞতা। |
| ২৬। | ডেসপাস রাইডার | ৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে;<br>(খ) সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>(ক) দপ্তরী পদে অন্যূন ২(দুই) বৎসরের চাকুরি অথবা এমএলএসএস পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরি; এবং<br>(খ) বৈধ লাইসেন্সসহ মটর সাইকেল চালনায় অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) বৈধ লাইসেন্সসহ মটর সাইকেল চালনায় অভিজ্ঞতা। |
| ২৭। | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর | ৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে<br>(খ) সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>(ক) দপ্তরী পদে অন্যূন ২ (দুই) বৎসরের চাকুরী অথবা এমএলএসএস পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী; এবং<br>(খ) ডুপ্লিকেটিং মেশিন চালনায় বাস্তব অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) ডুপ্লিকেটিং মেশিন চালনায় বাস্তব অভিজ্ঞতা। |
| ২৮। | দপ্তরী | .. | পদোন্নতির মাধ্যমে | এমএলএসএস পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| ২৯। | হেডগার্ড | .. | পদোন্নতির মাধ্যমে | গার্ড পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৩০। | এমএলএসএস | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩১। | গার্ড | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ৮ম শ্রেণী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩২। | কামরা বাহক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ৮ম শ্রেণী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। |
| ৩৩। | মশালচী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ৮ম শ্রেণী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। |
| ৩৪। | মালী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ৮ম শ্রেণী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। |
| ৩৫। | বাবুর্চি | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ৮ম শ্রেণী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং বাবুর্চি হিসেবে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। |
| ৩৬। | সুইপার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ৮ম শ্রেণী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। |

## তফসিল-২

**[তফসিল-১ এর ক্রমিক নং-৭, ১৬ ও ১৯ দ্রষ্টব্য]**

সাঁট-লিপিকার কাম-কম্পিউটার অপারেটর, সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর এবং অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে সরাসরি নিয়োগের জন্য প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর, ইত্যাদি হইবে নিম্নরূপ, যথা ঃ—

| পরীক্ষা ও বিষয়ের নাম | মোট নম্বর | সর্বনিম্ন পাশ নম্বর | সময় |
|---|---|---|---|
| (ক) লিখিত পরীক্ষা | ১০০ | ৫০% | ৯০ মিনিট |
| (১) বাংলা | ৩০ | | |
| (২) ইংরেজী | ৩০ | | |
| (৩) গণিত | ২০ | | |
| (৪) সাধারণ জ্ঞান | ২০ | | |
| (খ) মৌখিক পরীক্ষা | ১০ | | |
| সর্বমোট = | ১১০ | | |

ব্যাখ্যা ঃ (১) লিখিত পরীক্ষায় এবং তফসিল-৩ ও ৪ এ বর্ণিত সাঁটলিপি/মুদ্রাক্ষর/কম্পিউটার এ্যাপ্টিচ্যুড পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবে।

(২) কম্পিউটারে Word processing-সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে।

**ব্যাখ্যা ঃ** (১) সাঁটলিপি নোট প্রতিলিপিকরণ (Transcribe)-এর জন্য ৩০ মিনিট সময় বরাদ্দ থাকিবে;

(২) ৫%-এর অধিক ভুলের ক্ষেত্রে কোন গতি অর্জন করে নাই বলিয়া গণ্য হইবে;

(৩) বাংলা ও ইংরেজী উভয় প্রকার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫টি স্ট্রোক একটি শব্দ হিসেবে গণ্য হইবে;

(৪) সর্বনিম্ন গতিকে পাস নম্বর (৪০%) হিসেবে গণ্য করা হইবে।

## তফসিল-৪

**[তফসিল-১ এর ক্রমিক নং-১৯ এবং তফসিল-২ দ্রষ্টব্য]**

অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে সরাসরি নিয়োগের জন্য প্রার্থীদের মুদ্রাক্ষর গতি, নম্বর, ইত্যাদি হইবে নিম্নরূপ, যথা ঃ—

| পদের নাম | ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজি মুদ্রাক্ষর পরীক্ষায় মোট নম্বর | বাংলা মুদ্রাক্ষর পরীক্ষায় মোট নম্বর | প্রতি বিষয়ে পাস নম্বর | গড় পাস নম্বর | ইংরেজি পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|---|
| অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ২০ শব্দ | ২০ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |

**ব্যাখ্যা ঃ** (১) বাংলা ও ইংরেজি উভয় প্রকার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫টি স্ট্রোক একটি শব্দ হিসেবে গণ্য হইবে;

(২) ৫%-এর অধিক ভুলের ক্ষেত্রে কোন গতি অর্জন করে নাই বলিয়া গণ্য হইবে;

(৩) সর্বনিম্ন গতিকে পাস নম্বর (৪০%) হিসেবে গণ্য করা হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. খোন্দকার শওকত হোসেন**
সচিব।

ড. মোঃ আলী আকবর (উপ সচিব), উপ পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ সচিব), উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd